# ১০০ দিনের কাজে সাফল্য, মুম্বই যাচ্ছে জলপাইগুড়ি

বি এন এ, জলপাইগুড়ি: ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিমের (এন আর ই জি এস) আওতায় ১০০ দিনের কাজে সোশ্যাল অডিটে উল্লেখযোগ্য সাফল্যের কারণে জলপাইগুড়ি জেলা মুম্বইয়ে প্রতিনিধিত্ব করতে যাচ্ছে। বুধবার জলপাইগুড়িতে এন আর ই জি এস সেলের এক কর্মশালা হয়। কর্মশালায় জেলাশাসক পৃথা সরকার ১০০ দিনের কাজের ২০১২-১৩ সালের খতিয়ানের উদ্বোধন করেন। জেলাশাসক বলেন, ১০০ দিনের কাজে আমাদের জেলা ভালো ফল করেছে। সোশ্যাল অডিটে সাফল্যের জন্য এই জেলা রাজ্যের হয়ে প্রতিনিধিত্বে নির্বাচিত হয়েছে। এন আর ই জি এস সেলের জেলার নোডাল অফিসার সমীরণ মণ্ডল বলেন, ১০০ দিনের কাজে স্বচ্ছতা এবং দুর্নীতি রুখতেই পাইলট প্রজেক্ট হিসাবে ২০১১ সালে জলপাইগুড়ি এবং হুগলি জেলায় সোশ্যাল অডিট চালু করা হয়। প্রক্রিয়াটি জেলায় সাফল্যের সঙ্গে করার কারণেই মুম্বইয়ে সোশ্যাল অডিট সেমিনারে প্রতিনিধিত্ব করতে রাজ্য থেকে জলপাইগুড়ি জেলাকে নির্বাচিত করা হয়েছে।

দপ্তর সূত্রে জানা গিয়েছে, সারা ভারতের ১১টি রাজ্যে সোশ্যাল অডিট প্রক্রিয়াটি চালুর জন্য ২১-২২ সেপ্টেম্বর মুম্বইয়ে সেমিনার হবে। ওই সেমিনারে রাজ্যের হয়ে জলপাইগুড়ি জেলা প্রতিনিধিত্ব করবে।